

ভূয়া কমিটির নামে মাদ্রাসা ও এতিমখানার চাল উত্তোলন

■ সুন্দরগঞ্জ (গাইবান্ধা) সংবাদদাতা

সুন্দরগঞ্জ উপজেলায় ২৫টি হাফেজিয়া মাদ্রাসা ও এতিমখানার নামে ভূয়া কমিটি দিয়ে উত্তোলিত ৫০ মেঃ টন জিআরের চাল আত্মসাৎ করায় তা ফেরতের নির্দেশ দিয়েছেন জেলা প্রশাসক।

জানা গেছে, গত ২০১৪-১৫ অর্থ বছরে সুন্দরগঞ্জ উপজেলায় কিছু অসং কর্মকর্তা ২৫টি হাফেজিয়া মাদ্রাসা ও এতিমখানার নামে ২ মেঃ টন হারে ৫০ মেঃ টন জিআরের চাল বরাদ্দ নেয়। বরাদ্দকৃত চালগুলো সাবেক প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম (বর্তমানে বরিশালের গৌরনদী উপজেলায় কর্মরত) ও সাবেক ইউএনও আবু রাফা মোহাম্মদ আরিফ যোগসাজশ করে নামেমাত্র কমিটি তৈরি

করে উত্তোলনপূর্বক আত্মসাৎ করেন।

এনিয়ো অভিযোগ হলে তদন্ত হয়। তদন্তে ঘটনার সত্যতা প্রমাণিত হওয়ায় গাইবান্ধা জেলা প্রশাসক আব্দুস সাহাদ - গত ১৩ জুলাই স্মারক নম্বর ৫১.০১.৩২০০.০০০.১৬.০০১.১৫+৬১৪ পত্র দ্বারা আত্মসাৎকৃত চালগুলো সরকারি ভাণ্ডারে ফেরতসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য ইউএনও আবদুল হাই মিলটনকে নির্দেশ দেন। এব্যাপারে ইউএনও জানান, জরুরিভিত্তিতে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নুরুন্নবী সরকারকে নির্দেশ দেয়া হয়েছে। এদিকে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।